পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)
ই নিউজ

বর্ষ: ১৩ | সংখ্যা: ১২৮

সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া
টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে

অক্টোবর ২০২৩




# পদক্ষেপ এর উদ্যোগে "বাংলাদেশ রুর‍্যাল ওয়াশ ফর এইচসিডি" প্রকল্পের বিসিসি ক্যাম্পেইন ও প্রকল্প বাস্তবায়ন কৌশল বিষয়ক কর্মশালা

পদক্ষেপ এর উদ্যোগে "বাংলাদেশ রুর‍্যাল ওয়াশ ফর এইচসিডি" প্রকল্পের 'বিসিসি ক্যাম্পেইন ও প্রকল্প বাস্তবায়ন কৌশল' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সংস্থার 'পিআইডিএম' এর হলরুমে গত ১৫ অক্টোবর ২০২৩ তারিখে কর্মশালাটি অনুষ্ঠিত হয়। প্রকল্পের অন্যতম একটি কম্পোনেন্ট হলো 'বিসিসি ক্যাম্পেইন', যার মাধ্যমে প্রকল্প এলাকার জনসাধারণের মাঝে WASH সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং প্রকল্পের আওতাভুক্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে সমিতিতে 'বিসিসি সেশন' পরিচালনা করা হয়। কর্মশালায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উপ-প্রকল্প সমন্বয়কারী রোকনুজ্জামান প্রকল্প বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত বিভিন্ন বিষয়ে এবং উপ-ব্যবস্থাপক জিএম হুমায়ুন আজম 'বিসিসি ক্যাম্পেইন' বিষয়ক পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মীবৃন্দ এতে অংশগ্রহণ করেন। পদক্ষেপ এর নির্বাহী পরিচালক মো: সালেহ বিন সামস এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 'পিকেএসএফ' এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. জসীম উদ্দিন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন 'পিকেএসএফ' এর সহকারী মহাব্যবস্থাপক ও উপ-প্রকল্প সমন্বয়কারী মোঃ রোকনুজ্জামান এবং উপ-ব্যবস্থাপক জি.এম হুমায়ুন আজম। কর্মশালাটি পরিচালনা করেন প্রকল্পের ফোকাল পার্সন ও রিজিওনাল ম্যানেজার মোঃ শফিকুল ইসলাম।

উল্লেখ্য, বিশ্বব্যাংক ও এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি) এর যৌথ অর্থায়নে বাংলাদেশ সরকার 'পিকেএসএফ' এর মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি প্রকল্প 'BD Rural WASH for HCD' ২০২১ থেকে ২০২৫ সাল মেয়াদে বাস্তবায়ন করছে। পদক্ষেপ'সহ অন্যান্য সহযোগী সংস্থার মাধ্যমে এই প্রকল্পের আওতায় খানা পর্যায়ে ১.২০ লক্ষ নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থাপনা এবং ১০ লক্ষ নিরাপদ টয়লেট স্থাপনের মাধ্যমে পানি ও স্যানিটেশন বিষয়ে টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিতকরণের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি-৬) অর্জনে বাংলাদেশ সরকারকে সহায়তা করছে।

## 'আইসিভিজিডি' প্রকল্পের 'উদ্যোক্তা উন্নয়ন' প্রশিক্ষণ অনুষ্ঠিত




পদক্ষেপ এর 'আইসিভিজিডি' প্রকল্পের আওতায় গত ১৫, ১৬ ও ১৭ অক্টোবর ২০২৩ তারিখে 'উদ্যোক্তা উন্নয়ন' বিষয়ে বেলী রোডস্থ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রশিক্ষণ কক্ষে প্রশিক্ষকদের প্রশিক্ষণ (টিওটি) অনুষ্ঠিত হয়। প্রকল্পের ১৮ জনকে নিয়ে গঠিত 'ট্রেনিং পুল' এর সদস্যগণ ৩ দিনের এ 'টিওটি'তে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল একটি দক্ষ প্রশিক্ষক দল তৈরি করা, যারা মাঠ পর্যায়ে প্রশিক্ষক দল গঠনের মাধ্যমে প্রকল্পের উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করবেন। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক জনাব মোস্তফা কামাল এবং উপ-পরিচালক'সহ পদক্ষেপ এর বিভিন্ন কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য, গত সেপ্টেম্বর ২০২৩ থেকে ময়মনসিংহ বিভাগের ৫টি উপজেলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আর্থিক সহায়তায় 'আইসিভিজিডি' প্রকল্পের কার্যক্রম শুরু হয়। উক্ত প্রকল্পের আওতায় ময়মনসিংহ বিভাগের ৫টি উপজেলায় মোট ৮,৯০০ জন দুস্থ মহিলাকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সরাসরি আর্থিক কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দেয়া।

# শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে 'পদক্ষেপ' এর নানা কর্মসূচি



১৮ অক্টোবর ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শহিদ শেখ রাসেল এর ৬০তম জন্মদিন উপলক্ষে রাষ্ট্রীয়ভাবে তৃতীয়বারের মতো রাসেল দিবস পালিত হয়েছে। শিশু রাসেলের জীবন সম্পর্কে শিশু-কিশোরদের কাছে তুলে ধরতে প্রতি বছর তার জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে পালন করা হয়। শেখ রাসেল জাতীয় দিবসের এবারের মূল প্রতিপাদ্য ছিল 'শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয়'। যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় পর্যায়ে এবং বিদেশে বাংলাদেশ দূতাবাসগুলোতে শেখ রাসেল দিবস উদযাপিত হয়েছে। রাসেল দিবস উদযাপনের অংশ হিসেবে পদক্ষেপ প্রধান কার্যালয়সহ সকল জোন, এরিয়া এবং ব্রাঞ্চ অফিসের মাধ্যমে বিভিন্ন কমসূচি পালন করেছে। সংস্থার নিবাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস এর নেতৃত্বে উর্ধ্বতন কর্মকর্তাদের অংশগ্রহণে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়। পাশাপাশি সংস্থার মাঠ পর্যায়ে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় রেখে দিবসটি পালন করে। এছাড়া প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের সহকারী পরিচালক/জোনাল ম্যানেজার ও তদুর্ধ্ব কর্মকর্তা'সহ নির্বাচিত গ্রাহকদের নিয়ে অনলাইনে শেখ রাসেল দিবস ২০২৩ উপলক্ষে ভার্চুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিল এর আয়োজন করা হয়।

শেখ রাসেল ১৯৬৪ সালের এই দিনে ধানমণ্ডির ৩২ নম্বর সড়কের ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত বঙ্গবন্ধু ভবনে জন্মগ্রহণ করেন। বঙ্গবন্ধু তাঁর প্রিয় ব্যক্তিত্ব বিখ্যাত দার্শনিক বার্ট্রান্ড রাসেলের নামানুসারে ছোটো ছেলের নাম রেখেছিলেন রাসেল। রাজনৈতিক কারণে বঙ্গবন্ধুকে জীবনের দীর্ঘ সময় কাটাতে হয়েছে কারাগারে। এজন্য শিশু রাসেল পিতার কাঙ্খিত সান্নিধ্য ও আদর যত্ন থেকে বঞ্চিত হয়েছেন। বঙ্গবন্ধু পরিবারের অন্যান্য সদস্যদের মতো রাসেলও ছিলেন সহজ-সরল ও অত্যন্ত বিনয়ী। অন্য শিশুদের সাথে নিজের জামা-কাপড় ও খেলনা ভাগাভাগি করা এবং মানুষের উপকার করার চেষ্টা তাঁর মাঝে ছোটবেলা থেকেই পরিলক্ষিত হয়েছে। তিনি ছিলেন আদর্শ পিতার যোগ্য সন্তান। তিনি বেঁচে থাকলে হয়তো আজ দেশের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করতেন ও নেতৃত্ব দিতেন। কিন্তু বাঙালি



জাতির দুর্ভাগ্য ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে স্বাধীনতাবিরোধী ঘাতকচক্রের হাতে নির্মমভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সপরিবারে শহিদ হন। সেদিন ঘাতকরা দশ বছরের ছোট্ট শিশু রাসেলকেও রেহাই দেয়নি। ছোট্ট রাসেল সেদিন ঘাতকদের মিনতি করে বলেছিল, 'আমি মায়ের কাছে যাব', কিন্তু ঘাতকদল তাঁকে নির্মমভাবে হত্যা করে। স্বাধীনতার পরশ মেখেই নির্মল শৈশবের বাসন্তী হাওয়ায় এক দুরন্ত প্রাণবন্ত শিশুর বেড়ে ওঠা রাসেলকে স্বাধীনতাবিরোধী ঘাতকচক্রের ষড়যন্ত্রে অকালে প্রাণ দিতে হলো, যা পৃথিবীর ইতিহাসে বিরল। মৃত্যুকালে শিশু রাসেল ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্র ছিলো। ঘাতকরা বঙ্গবন্ধুর রক্তের উত্তরাধিকারদের নিশ্চিহ্ন করে দিতে চেয়েছিল। কিন্তু তারা সফল হয়নি। রাসেল আজ বিশ্বে অধিকার বঞ্চিত শিশুদের প্রতীক ও মানবিকসত্তা হিসেবে সবার মাঝে বেঁচে আছে এবং ভবিষ্যতেও থাকবে।

নিষ্পাপ ও নির্মল শেখ রাসেল আমাদের শিশু-কিশোরদের কাছে এক অনুপ্রেরণার নাম। শেখ রাসেলের দীপ্তিময়, নির্ভীক দুর্জয় দুরন্ত ও প্রাণবন্ত শৈশব প্রত্যেক শিশুর কাছে তুলে ধরতে এবং প্রতিটি শিশুকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করে প্রগতিশীল, অসাম্প্রদায়িক ও নির্ভীক সোনার মানুষে পরিণত করতেই এ উদ্যোগ। দিবসটি পালনের মাধ্যমে 'শেখ রাসেলের বেড়ে ওঠা, মানবিকতা, অতিথিপরায়ণতা, উদারতা, নেতৃত্বগুণ, সহনশীলতা ইত্যাদি বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের কাছে তুলে ধরতে হবে, এটাই হোক এ দিবসের সার্থকতা।

# ইউপিএইচসিএসডিপি-২য় প্রকল্পের জামালপুর নগর মাতৃসদনে সফল সিজারিয়ান সম্পন্ন



পদক্ষেপ কর্তৃক পরিচালিত "আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২য় পর্যায়" প্রকল্পের আওতায় গত ৬ নভেম্বর ২০২৩ তারিখে জামালপুর পৌরসভায় পশ্চিম ফুলবাড়িয়া কলাবাগানে অবস্থিত নগর মাতৃসদন হাসপাতালে সফলভাবে ১ম সিজারিয়ান অপারেশন সম্পন্ন করা হয়েছে। জামালপুর তেতুলিয়া এলাকার ৩২ বছর বয়সী মোছাম্মদ মোখলেছা খাতুনকে এ সিজারিয়ান অপারেশন করা হয়। সিজারিয়ান অপারেশনে নেতৃত্ব প্রদান করেন স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডা. রাশেদা পারভীন রুমা ও ডা. ফারজানা পারভীন। তাদেরকে সহযোগিতা করেন অভিজ্ঞ এনেস্থেশিয়ান ডা. সোহরাব। এছাড়া নগর মাতৃসদনের নিজস্ব স্টাফ প্যারামেডিক, নার্স এবং প্রকল্পের স্টাফ উপস্থিত থেকে সহযোগিতা প্রদান করেন। সদ্য জন্ম নেওয়া কন্যা শিশুটি ও তার মা উভয়ই সুস্থ্য ও ভালো রয়েছে বলে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান।

# অতিরিক্ত সচিব মহোদয়ের জামালপুর-১ এর নগর মাতৃসদন কেন্দ্র পরিদর্শন



স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের 'ইউপিএইচসি, এসডিপি-২য়' প্রকল্পের পরিচালক এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব আবুল ফয়েজ মোঃ আলাউদ্দিন খান গত ২১ অক্টোবর ২০২৩ তারিখে এক সংক্ষিপ্ত সফরে নগর মাতৃসদন কেন্দ্র জামালপুর-১ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীদের সাথে আলোচনা সভা এবং বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। জামালপুর পৌরসভা এবং পদক্ষেপ এর যৌথ সমন্বয়ের মাধ্যমে কীভাবে জামালপুর পৌরবাসীর মাঝে সেবা পৌঁছে দেওয়া যায় সে বিষয়ে তিনি সকল কর্মকর্তাদের নিরলসভাবে কাজ করার জন্য উৎসাহ প্রদান করেন। তিনি নগর মাতৃসদন কেন্দ্রের অবকাঠামো এবং ইনডোর ও আউটডোর সার্ভিস দেখে সন্তোষ প্রকাশ করেন। এসময় পদক্ষেপ এর প্রধান কার্যালয় থেকে প্রোগ্রাম উইং এর যুগ্ম পরিচালক মোঃ মনিরুজ্জামান সিদ্দিক সার্বক্ষণিক ভার্চুয়ালি যোগাযোগ রাখেন এবং বিভিন্ন পরামর্শ প্রদান করেন। পদক্ষেপ এর পরিচালনায় ও জামালপুর পৌরসভা কর্তৃক বাস্তবায়িত উক্ত কর্মএলাকার দরিদ্র ও হতদরিদ্র মানুষের সেবা প্রদানের মাধ্যমে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

## নিরাপদ মৎস্য উৎপাদনে প্রোবায়োটিক ব্যবহার বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণ প্রদর্শনী



প্রকল্পের আওতায় অক্টোবর ২০২৩ মাসে নিরাপদ মৎস্য উৎপাদনে প্রোবায়োটিক এর ব্যবহার বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণ প্রদর্শনী প্লট স্থাপনের মাধ্যমে অনুদান প্রদান করা হয়। মৎস্যচাষীদের অধিকতর আয় ও প্রযুক্তি নির্ভর করার জন্য প্রকল্পের কর্মএলাকা গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলায় ঈমাম শেখকে এ অনুদান প্রদান করা হয়। উক্ত অনুদানের টাকা দিয়ে তিনি 'নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ক' প্রযুক্তি সম্প্রসারণ ও প্রদর্শনী স্থাপনে প্রয়োজনীয় উপকরণ'সহ মাছের পোনা, খাদ্য, পানির ট্যাংক, প্রোবায়োটিক, ছোট এরেটর, ইমহফকোন, ব্লুনেট, পানির গুণাগুণ মাপার যন্ত্র, ব্যানার তৈরি'সহ ইত্যাদি ক্রয় করবেন। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর কারিগরি ও আর্থিক সহায়তায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত 'আরএমটিপি' প্রকল্পে প্রযুক্তিটি ব্যবহারের ফলে মাছের প্রাকৃতিক খাদ্য উৎপাদন হবে, এ্যামোনিয়া দূর করবে, মাছের মৃত্যুহার ও মাছ উৎপাদনে খরচ কমবে।

## নিরাপদ মৎস্য পণ্য 'রেডি টু কুক' উৎপাদন ও বাজারজাতকরণে অনুদান প্রদান






গোপালগঞ্জ জেলার সামগ্রিক এলাকায় ও জাতীয় মার্কেটে এবং অনলাইনে সর্বস্তরের মানুষের নিরাপদ 'রেডি টু কুক' মাছের চাহিদা মেটাতে 'পিকেএসএফ' এর কারিগরি ও আর্থিক অনুদান সহায়তা প্রদান চলমান রয়েছে। অক্টোবর ২০২৩ মাসে প্রকল্প এলাকার উপকারভোগী মুন্সি জাফর (টিক্কা)কে মোট দুই লক্ষ টাকা অনুদান সহায়তা প্রদান করা হয়। এ অনুদান দিয়ে তিনি মাছ কাটার যন্ত্র, ডিফ ফ্রিজ, অটো সিলার, অন্যান্য প্রয়োজনীয় যন্ত্র ক্রয় করবেন। পর্যায়ক্রমে অগ্রগতি বিবেচনা করে পরবর্তি অনুদান প্রদান করা হবে। পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত 'আরএমটিপি' প্রকল্পটির কর্মএলাকায় নিরাপদ 'রেডি টু কুক' মৎস্য পণ্যের মধ্যে কৈ, পাবদা, পুটি ও শিং উৎপাদন ও বাজারজাতকরণ স্থাপনে এ অনুদান সহায়তা দেয়া হয়। প্রকল্প এলাকায় নতুন নতুন উদ্যোক্তা তৈরিতে 'রেডি টু কুক' এন্টারপ্রাইজটি অন্যান্য সদস্যদেরকে সহায়তার পাশাপাশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এসময় উপস্থিত ছিলেন প্রকল্প সমন্বয়কারী মো: রফিকুল ইসলাম, আরএমটিপি প্রকল্পের ভিসিএফ কৃষিবিদ মো: লেমন মিয়া, সংশ্লিষ্ট এরিয়া ও ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজারবৃন্দ ও স্থানীয় ব্যক্তিবর্গ।

## সাশ্রয়ী ও নিরাপদ মৎস্য খাদ্য উৎপাদন বিষয়ক ট্রায়াল



'আরএমটিপি' প্রকল্পটি গোপালগঞ্জ জেলার সকল মৎস্য চাষীদের নিরাপদ মৎস্য উৎপাদনে মাছের খাদ্যের নিরবিচ্ছিন্ন উৎপাদন ও সরবরাহে কাজ করে যাচ্ছে। স্থানীয় পর্যায়ে কালো সৈনিক পোকা, ট্রাশ ফিস, সি-উইড ও ফিস বাই-প্রোডাক্ট ইত্যাদি ব্যবহার করে সাশ্রয়ী ও নিরাপদ খাদ্য উৎপাদন বিষয়ক ট্রায়াল এর জন্য আর্থিক অনুদান সহায়তা প্রদান করা হয়ে থাকে। এরই আলোকে অক্টোবর ২০২৩ মাসে কোটালিপাড়া উপজেলার অবদারহাট এলাকায় সততা ফিডস মিল কোম্পানির সত্বাধিকার আল আমিন সরদারকে ২ লক্ষ টাকার আর্থিক অনুদান প্রদান করা হয়। যা দিয়ে তিনি ফিডিং ট্রাইল, ল্যাব স্থাপন, অফিস ব্যবস্থাপনা, লিফলেট, ব্যানার, প্রচার ও প্রকাশনা ইত্যাদি বিষয়ে কাজ করবেন।

## প্রকল্পের মৎস্য সেবা ও পরামর্শ কেন্দ্র স্থাপন






পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এর আর্থিক সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত 'আরএমটিপি' প্রকল্পের লিড ফার্মার ও উপকরণ সরবরাহকারিদের সহযোগিতায় স্থানীয় পর্যায়ে মৎস্য ও পরামর্শ কেন্দ্র স্থাপন করা হয়। গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলার দিঘারকুলের সাব্বির মোল্লা, উলপুরের জুন্নু মিয়া, টুঙ্গিপাড়া উপজেলার বড়ইহাটি গ্রামের গৌতম বৈরাগী, কোটালিপাড়া উপজেলার নাগরা গ্রামের মতিউর রহমান ও কলাবাড়ির গোপাল মজুমদার'সহ মোট ৫ জনের বাড়িতে মৎস্য ও পরামর্শ কেন্দ্র স্থাপন করা হয়। প্রত্যেক মৎস্য সেবা ও পরামর্শ কেন্দ্র স্থাপনের আওতায় পানির গুণাগুণ মাপার যন্ত্র যেমন-পিএইচ, এমোনিয়া, টিডিএস, এ্যালকালাইনিটি ইত্যাদি ও আসবাবপত্র যেমন-চেয়ার, টেবিল, কেবিনেট ইত্যাদি'সহ অন্যান্য প্রয়োজনীয় উপকরণ নির্বাচিত লিড ফার্মাদেরকে বুঝিয়ে দেয়া হয়, যাতে তারা প্রকল্পের কর্ম-এলাকার মৎস্য চাষীদের পুকুরের মাটি ও পানির পরীক্ষা'সহ বিভিন্ন প্রশিক্ষণ হাতে-কলমে দিতে পারে। কেন্দ্রগুলো সফলভাবে বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট এলাকাগুলোতে ব্যাপক সারা ফেলবে ও মৎস্যচাষীরা মাটি ও পানি পরীক্ষায় উপকৃত হবে ও মাছের মৃত্যুহার কমে যাবে এবং আধুনিক নিরাপদ মাছ চাষে চাষীরা আগ্রহী হবে।

উক্ত অনুষ্ঠানগুলোতে উপস্থিত ছিলেন প্রকল্পের ভিসিএফ কৃষিবিদ মো: লেমন মিয়া, গোপালগঞ্জ সদর ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার নাসির উদ্দিন, কোটালীপাড়া ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার মোস্তফা কামাল'সহ সংশ্লিষ্ট উপজেলা এভিসিএফ ও কমিউনিটি ম্যানেজারগণ এবং উপকারভোগীবৃন্দ।

## আধা-নিবিড় পদ্ধতিতে নিরাপদ মৎস্য চাষ প্রদর্শনী





পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়িত 'আরএমটিপি' প্রকল্পের মৎস্যজীবিদের মৎস্য উৎপাদন টেকসইকরণে উন্নত সনাতন/আধা-নিবিড় পদ্ধতিতে নিরাপদ মাছ ও চিংড়ি চাষ বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণে মৎস্য চাষ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলার ইয়াদ আলী বিশ্বাস ও লক্ষী পাড়েকে অধিক ঘনত্বের মাছের জন্য এরেটর ও প্রয়োজনীয় মৎস্য উপকরণ ক্রয়ের নিমিত্তে অনুদান প্রদান করা হয়। প্রযুক্তিটি সফলভাবে বাস্তবায়িত হলে এলাকায় ব্যাপক সারা ফেলবে ও মৎস্যচাষীরা আধা-নিবিড় পদ্ধতিতে মাছ চাষে আগ্রহী হবে।

## স্থানীয় পর্যায়ে কালো সৈনিক পোকার উৎপাদনের প্রদর্শনী



নিরাপদ মৎস্য উৎপাদনে গোপালগঞ্জ জেলার সকল মৎস্য চাষীদের মাছের খাদ্যের সমস্যা সমাধানে বাণিজ্যিক খামার ও ফিড মিলের উপকরণ উৎপাদনের সমাধানের জন্য স্থানীয় পর্যায়ে কালো সৈনিক পোকা উৎপাদনের লক্ষ্যে মো: হাসান সিকদারকে মোট ২০ হাজার টাকা প্রদান করা হয়। অনুদানের অর্থ দিয়ে তিনি ব্লাক সোলজার ফ্লাই পিউপা, নেট, বালতি ইত্যাদি প্রয়োজনীয় উপকরণ ক্রয় করবেন।

# দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়নে 'পিপিইপিপি' প্রকল্পের উন্নয়নমূলক কার্যক্রম

## সামাজিক উন্নয়ন কেন্দ্রের কিশোর/কিশোরীদের শেখ রাসেল দিবস পালন



'আজকের কিশোর কিশোরীরাই আগামী দিনের ভবিষ্যৎ। তারাই আগামীর স্মার্ট বাংলাদেশের নেতৃত্বে মুখ্য ভূমিকা পালন করবে' শেখ রাসেল দিবসে বক্তারা এ কথা বলেন। পিপিইপিপি প্রকল্পের আওতায় সামাজিক উন্নয়ন কেন্দ্র (কিশোর/কিশোরী) ক্লাবের সদস্যদের নিয়ে গত ১৮ অক্টোবর ২০২৩ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৬০তম জন্মদিন উপলক্ষে রাসেল দিবস পালন করা হয়। শিশু শেখ রাসেলের বেড়ে ওঠা, মানবিকতা, অতিথিপরায়ণতা, নেতৃত্বগুণ, সহনশীলতা, উদারতা ইত্যাদি বিষয়ে কিশোর/কিশোরীদের মাঝে আলোচনা করা হয়। এছাড়া নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলায় কিশোরী ক্লাবের সদস্যরা উপস্থিত বক্তৃতা ও রচনা প্রতিযোগিতার মাধ্যেমে তাদের মেধা বিকাশের সুযোগ পেয়ে উচ্ছ্বাস প্রকাশ করে। এ সময় প্রকল্পের সংশ্লিষ্ট কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বিশেষায়িত চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত






অক্টোবর মাসে পদক্ষেপ এর "পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল-ইইউ (পিপিইপিপি-ইইউ)" প্রকল্পের কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপ-প্রকল্প ইউনিটে ঘাগড়া ইউনিয়নে প্রকল্পের আওতাভুক্ত সদস্যদের মাঝে ১টি বিশেষায়িত স্বাস্থ্য ক্যাম্প (চক্ষু) এর আয়োজন করা হয়। উক্ত চক্ষু ক্যাম্পটিতে সর্বমোট ৮৬ জনকে বিনামূল্যে বিভিন্ন চিকিৎসা সেবা প্রদান করা হয়। এরমধ্যে চোখের ছানি সনাক্ত, গ্লুকোমা, ক্যারাটাইটিস ও রেটিনা, চোখের নালি বন্ধ, কর্নিয়ার আলসার, রাতকানা, চোখ ওঠা ইত্যাদি রোগের চিকিৎসা প্রদান করা হয়। এছাড়া উন্নত চিকিৎসার জন্য পদক্ষেপ এর উদ্যোগে রেফারেল সেবা প্রদান করা হয়। চক্ষু ক্যাম্প আয়োজনের মাধ্যমে শনাক্তকৃত সর্বমোট ১০ জন রোগীর চোখের ছানি অপারেশন করানো হয় এবং বর্তমানে তারা সকলেই সুস্থ আছেন। চক্ষু ক্যাম্পটি পরিচালনা করেন প্রকল্পের পুষ্টি কম্পোনেন্টের কর্মকর্তাবৃন্দ এবং অপারেশন পরিচালনা করেন কিশোরগঞ্জ জেলার 'দীন চক্ষু হাসপাতাল' এর চিকিৎসক।

## আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন





প্রতি বছরের ন্যায় এবারও গত ১৩ অক্টোবর ২০২৩ তারিখে সারা বিশ্বে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপিত হয়েছে। দুর্যোগের ঝুঁকি হ্রাসে জনগণ ও সংশ্লিষ্টদের সচেতনতা বৃদ্ধির জন্য দিবসটি উদযাপনের উদ্দ্যোগ গ্রহণ করা হয়। বিশ্বে অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশে বেসরকারিভাবে আন্তর্জাতিক প্রশমন দিবস উদযাপিত হয়। এরই ধারবাহিকতায় পদক্ষেপ এর 'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের আওতায় অষ্টগ্রাম উপজেলার বিভিন্ন পিভিসির সদস্যদের অংশগ্রহণে উক্ত দিবসটি পালন করা হয়। এতে এলাকার বিভিন্ন শ্রেনি পেশার লোকজন নিজেদের দুর্যোগকালীন সময়ে কী করতে হবে সে বিষয়ে সচেতনতা লাভ করে। এ সময়ে পিভিসি সদস্য, অষ্টগ্রাম উপজেলা প্রশাসন ও পদক্ষেপ এর কর্মকতাবৃন্দ উপস্থিত ছিলেন।

## প্রকল্প এলাকার বিভিন্ন ইউনিয়ন পরিষদের সাথে সভা



'প্রসপারিটি' প্রকল্পের আওতায় নিকলী, মিঠামইন, অষ্টগ্রাম উপজেলার ১৪টি ইউনিয়ন পরিষদের সদস্যদের সাথে অক্টোবর ২০২৩ মাসে ১৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অতিদরিদ্র জনগোষ্ঠির সদস্যদের ইউনিয়ন পরিষদের বিভিন্ন ভাতায় অন্তর্ভুক্ত করা এবং নাগরিক সেবা সিটিজেন চার্টার স্থাপন করার লক্ষ্যে সভাগুলোর আয়োজন করা হয়। সভাগুলোতে ইউনিয়ন পরিষদের সদস্য ও পিভিসি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## ২৮ তম জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ উদযাপন




'পিপিইপিপি- ইইউ' প্রকল্পের আওতায় অতিদরিদ্র জনগোষ্ঠির সদস্যদের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য ৩টি উপজেলায় ২৮ তম জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ-২০২৩ পালন করা হয়। এরমধ্যে নিকলী, মিঠামইন, অষ্টগ্রাম এই ৩টি উপজেলার ১৪টি ইউনিয়নে মাইকিং, পোস্টার, লিফলেট, আলোচনা সভা ও র‍্যালির অয়োজন করা হয়। এতে সদস্য পর্যায়ে গণসচেতনতা তৈরির পাশাপাশি স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে। এ সময় পিভিসি, কিশোরী ক্লাব, মা ও শিশু ফোরাম, প্রতিবন্ধি ফোরাম, স্থানীয় লোকজন, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সরকারি প্রতিষ্ঠান এবং হাসপাতাল ও পদক্ষেপ এর কমকর্তাদের অংশগ্রহণে কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহটি পালন করা হয়।

## প্রতিবন্ধিতা খাতে বাজেট বরাদ্দ বিষয়ক অ্যাডভোকেসি সভা



'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের আওতায় অতিদরিদ্র জনগোষ্ঠীর সদস্যদের সেবার মান ও সুযোগ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিবন্ধিতা খাতে বাজেট বরাদ্দ বিষয়ে নিকলী উপজেলার ৬টি ইউনিয়নে সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে ইউনিয়ন পরিষদ কমিউনিটি ক্লিনিক এর সদসদের অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়। ইতিপূর্বে সেবাদানকারী প্রতিষ্ঠান অতিদরিদ্র পরিবারকে সেবার আওতায় এনে বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করছেন। অনুষ্ঠানে বক্তারা অন্যান্য প্রতিবন্ধিদের সেবা ও সুযোগ সুবিধা প্রদানের জন্য সংশ্লিষ্টদের আলাদা বাজেট বরাদ্দ রাখার ব্যবস্থার কথা বলেন। এ সময় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার, ইউনিয়ন সচিব, গণ্যমান্য ব্যক্তি, পিভিসির সদস্যবৃন্দ ও পদক্ষেপ এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে প্রোগ্রাম বাস্তবায়ন করেন।

## RAISE প্রকল্পের অগ্রগতি বিষয়ক সমন্বয় সভা




পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কর্তৃক "রিকভারি এন্ড অ্যাডভান্সমেন্ট অব ইনফরমাল সেক্টর এমপ্লয়মেন্ট (রেইজ)" প্রকল্পের অগ্রগতি বিষয়ক সমন্বয় সভা গত ১৮ অক্টোবর ২০২৩ তারিখে 'পিকেএসএফ' এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সভায় পদক্ষেপ এর প্রকল্প সমন্বয়কারী'সহ ৭০টি সহযোগী সংস্থার সমন্বয়কারীরা অংশগ্রহণ করেন। ২০২২ সাল থেকে 'রেইজ' প্রকল্পটি পদক্ষেপ দেশের ১০টি জেলার ২৫টি উপজেলার শহর ও উপ-শহর এলাকায় বাস্তবায়ন করছে। সভায় পিকেএসএফ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ ফজলুল কাদের বলেন, বিভিন্ন মানবকেন্দ্রিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে মানুষকে দারিদ্র্যের দুষ্টচক্র থেকে টেকসইভাবে বের হয়ে আসার সুযোগ করে দিচ্ছে 'পিকেএসএফ'। তিনি জ্যামিতিক লভ্যাংশের সুফল পাওয়ার জন্য উচ্চ উৎপাদনশীল কর্মক্ষম জনগোষ্ঠী ও টেকসই কর্মসংস্থান তৈরিতে 'রেইজ' প্রকল্প জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে জানান। এছাড়া কার্যক্রমের গুণগতমান বজায় রাখার স্বার্থে দেশব্যাপী প্রকল্প বাস্তবায়নকারী সহযোগী সংস্থাগুলোর কর্মকর্তাদের নিয়ে আয়োজিত এ সমন্বয় সভার উদ্বোধন ও দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন তিনি। সভার শুরুতে 'পিকেএসএফ' এর মহাব্যবস্থাপক ও 'রেইজ' প্রকল্প সমন্বয়কারী দিলীপ কুমার চক্রবর্তী প্রকল্প সম্পর্কে সকলকে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন।



এছাড়াও প্রকল্পের আওতায় লক্ষ্যভুক্ত অংশগ্রহণকারী নির্বাচনের লক্ষ্যে অভিন্ন গাইডলাইন প্রণয়ন বিষয়ক উপস্থাপনা প্রদান করেন ব্যবস্থাপক (কার্যক্রম) ও 'রেইজ' উপ-প্রকল্প সমন্বয়কারী গোলাম জিলানী। সভায় বিভিন্ন সেশনের মাধ্যমে শিক্ষানবিশি কার্যক্রম পরিচালনার গাইডলাইন, তরুণ উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ পরিচালনার কৌশল, কেইস ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নে তথ্য সংগ্রহ ও সংরক্ষণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা ও দলীয় অনুশীলন পরিচালনা করা হয়। সভায় 'পিকেএসএফ' এর 'RAISE' প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের সকল কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## শোকবার্তা



সংস্থার ভোলা জোনের ভোলা এরিয়ার আওতাধীন ইলিশা বাজার ব্রাঞ্চের কমিউনিটি ম্যানেজার-১ মোঃ মোস্তাফিজুর রহমান (কর্মী পরিচিতি নং: ০১৬৩২১১২২১) কিডনি ও লিভার জনিত কারণে গত ২৭ অক্টোবর ২০২৩ তারিখ রোজ শুক্রবার বিকাল ০৪:৩০ ঘটিকায় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ২৭ বছর। তাঁর এই দুঃখজনক ও শোকাবহ মৃত্যুতে পদক্ষেপ গভীরভাবে শোকাহত ও মর্মাহত। মরহুমের মৃত্যুতে তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছে পদক্ষেপ এর সকল পর্যায়ের কর্মীবৃন্দ।

## অক্টোবর মাসে প্রশিক্ষণ পেয়েছে ৪৫৬ জন

অক্টোবর ২০২৩ মাসে অভ্যন্তরীণভাবে পদক্ষেপ এর মাঠ পর্যায়ে নতুন নিয়োগপ্রাপ্ত ১১৯ জন কমিউনিটি ম্যানেজারকে "বেসিক ওরিয়েন্টেশন" বিষয়ে এবং ১২৯ জন শিক্ষানবিশকাল উত্তীর্ণ কমিউনিটি ম্যানেজারকে "দলীয় গতিশীলতা, সঞ্চয় ও ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা" বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রধান কার্যালয়ের বিভিন্ন পর্যায়ের ৫৪ জন কর্মীকে মাইক্রোসফট অফিস-২০১৬ স্পেশালিস্ট (অফলাইন ও অনলাইন) এবং মাঠ পর্যায়ের ১৫১ জন কর্মীকে মাইক্রোজেন সফটওয়্যারের আলোকে দৈনিক মনিটরিং ও কার্যক্রম বিষয়ক অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি বহি:উৎস 'পিকেএসএফ' কর্তৃক আয়োজিত পদক্ষেপ এর ১ জন সিনিয়র ম্যানেজারকে 'মানব সম্পদ ব্যবস্থাপনা' বিষয়ে ও ১ জন ব্রাঞ্চ ম্যানেজারকে 'Micro Enterprise Management & Financing Strategy' বিষয়ে এবং ১ জন সিনিয়র ম্যানেজারকে 'Risk Management' বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ১০১২ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় অক্টোবর ২০২৩ মাসে পদক্ষেপ'সহ ২৪টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ১০১২ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ৬টি সভা ও ১১টি প্রশিক্ষণ ব্যাচের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

## এ মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ২১১টি

অক্টোবর ২০২৩ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ২১১ জন গ্রাহককে ৮৬.৯২ লক্ষ টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৫৯,৯৮৬ জন গ্রাহককে ৫১৬.০০ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ, রিয়া ও ওয়েস্টার্ন ইউনিয়ন'সহ মোট ২৯টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

## এ মাসে ৯১ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

অক্টোবর ২০২৩ মাসে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ে সিনিয়র ম্যানেজার পদে ২ জন এবং ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিভিন্ন ব্রাঞ্চে সিএম-১ ও ২ পদে ৪৮ জন, ব্রাঞ্চ ম্যানেজার পদে ৩১ জন এবং অফিস সহকারি পদে ৯ জনকে নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া 'আইপিসিপি' প্রকল্পে রিজিওনাল কোঅর্ডিনেটর পদে ১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

## কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

অক্টোবর ২০২৩ মাসে সিপিএফ হতে ৫০ জন কর্মীকে ৮,৯৩,৬৪৯/- টাকা প্রদান এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৫০ জন কর্মীকে ১,৩৬,৯০০/- টাকা ফেরত দেয়া হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম থেকে ৫০ জনকে ৬,৪০,৪৯৮/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৪০ জনকে ৮,২০,০০০/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

রিসার্চ, কমিউনিকেশন ও পাবলিকেশন ডিভিশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।

প্রধান কার্যালয়: বাড়ি নং-২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স ঃ ৮৮-২-৯১৩৭৩১০
E-mail : pmuk@padakhep.org info@padakhep.org, Web: www.padakhep.org